

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd


স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.২১.৩৯০.২১-৩৩৩

তারিখঃ ৩০/০৬/২০২২ খ্রিঃ

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর ও 'a2i' এর যৌথভাবে NiSE³ প্ল্যাটফর্মের মাধ্যমে ২৭টি জেলার সকল ট্রেডে প্রশিক্ষণের ভর্তি কার্যক্রম অনলাইনে পরিচালনাকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর ও 'a2i' প্রোগ্রাম এর উদ্যোগে যৌথভাবে NiSE³ প্ল্যাটফর্মের মাধ্যমে ২৭টি জেলার (খুলনা, কুমিল্লা, রাজশাহী, ময়মনসিংহ, বগুড়া, জয়পুরহাট, বান্দরবান, মৌলভীবাজার, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, যশোর, পিরোজপুর, সিলেট, চট্টগ্রাম, রংপুর, ফরিদপুর, ঢাকা, বরিশাল, গাজীপুর, ভোলা, শেরপুর, গোপালগঞ্জ, বিনাইদহ, শরীয়তপুর, রাজবাড়ী, বাগেরহাট ও মেহেরপুর) প্রাতিষ্ঠানিক সকল ট্রেড এর প্রশিক্ষণার্থীদের অনলাইন ভর্তি কার্যক্রম ইতোমধ্যেই শুরু হয়েছে। চলতি অর্থবছর থেকে বর্ণিত জেলা সমূহে ভর্তি কার্যক্রম শতভাগ অনলাইনে পরিচালনা ও প্রক্রিয়াকরণের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে। সরাসরি কোনো ট্রেডে ভর্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। এমতাবস্থায়, চলতি অর্থবছর থেকে তাঁর জেলার ভর্তি কার্যক্রম শতভাগ অনলাইনে পরিচালনা ও প্রক্রিয়াকরণ হবে এবং যে সব ট্রেডের ভর্তি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে সে সকল ট্রেডের প্রশিক্ষণার্থীদের নামের তালিকাসহ সম্পূর্ণ তথ্য NiSE³ এর নির্ধারিত এক্সেল শিট-ফরম্যাটে জরুরীভিত্তিতে ddtraining@dyd.gov.bd ঠিকানায় শুধুমাত্র সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মোয়াজ্জেম হোসেন খান)
উপপরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

প্রাপক,

- ১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সংশ্লিষ্ট ২৭ টি জেলা)।
- ২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----- (সংশ্লিষ্ট ২৭ টি জেলা)।
- ৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----- (সংশ্লিষ্ট ২৭ টি জেলা)।

অনুলিপি বিতরণ:

- ১। পরিচালক/প্রকল্প পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এক্সেস টু ইনফরমেশন প্রোগ্রাম (a2i), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
- ৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। অফিস কপি।